

## 5<sup>th</sup> July 2017

গ্রিড-যুক্ত সোলার প্যানেল সহ সস্তার আবাসন প্রকল্প

এই সময়: ছাদে ১০০ কিলোওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদনক্ষমতাসম্পন্ন প্যানেল। তা-ও আবার গ্রিড-সংযুক্ত! এই প্রথম কলকাতায় তৈরি হতে চলেছে এমনই একটি সস্তার আবাসন প্রকল্প, দাবি নির্মাতা সংস্থা ইডেন রিয়েলটি-র। নোয়াপাড়া মেট্রো স্টেশনের কাছে বনহুগলিতে 'সোলারিস বনহুগলি' নামে এই সস্তার আবাসন প্রকল্পে ২৭৬-টি ফ্ল্যাটই আর্থিক ভাবে পিছিয়ে থাকা মানুষ ও কম আয়ের ক্রেতাদের জন্য ২০২০ সালের মধ্যে নির্মাণ করার পরিকল্পনা করেছে তারা।

ইডেন রিয়েলটি-র ম্যানেজিং ডিরেক্টর আর্য সুমন্ত বলেন, 'আমরা ইতিমধ্যে সিইএসসি-র সঙ্গে চুক্তি করেছি। তারা গ্রিডের মাধ্যমে উৎপাদিত সৌরবিদ্যুৎ-এর বাড়তিটা নিয়ে নেবে। বছরে যে সৌরবিদ্যুৎ উৎপাদিত হবে তার অর্থাঙ্ক অন্তত ১০ লক্ষ টাকার মতো। ফলে প্রকল্লের কমন মিটারে বিলের অঙ্ক যেমন কমবে, যা প্রকল্লের রক্ষণাবেক্ষণের চার্জের ৫০ শতাংশ-র মতো দাঁড়াবে। আমাদের আশা, এর ফলে প্রকল্লের আবাসিকদের রক্ষণাবেক্ষণের চার্জ বর্গফুট পিছু এক টাকার নিচে নেমে যাবে।'

এক, দুই ও তিন কামরা-র মোট চার

ধরনের ফ্ল্যাটের ন্যুনতম ও সবেচ্চি দাম যথাক্রমে ৯.৯৫ লক্ষ ও ২৪.৯৫ লক্ষ টাকা। বর্গফুট পিছু ফ্ল্যাটের দাম কত, সে ব্যাপারে সংস্থার তরফে কিছু জানানো হয়নি। তবে ইডেন-এর ডিরেক্টর-মার্কেটিং বিশ্বদীপ গুপ্ত জানিয়েছেন, ৩০ বর্গমিটারের থেকে সামান্য কম থেকে শুরু করে ৬০ বর্গমিটার কার্পেট এরিয়া-র ফ্ল্যাট প্রকল্পটিতে লটারির মাধ্যমে বেছে নিয়ে ক্রেতাদের বিক্রি করা হবে।

## কলকাতায় প্রথম

ক্রেতারা প্রধানমন্ত্রী আবাস যোজনায় ক্রেডিট লিঙ্কড সাবসিডি স্কিম-এর সুবিধাও পাবেন। অর্থাৎ, যাঁরা গৃহঋণ নিয়ে ফ্ল্যাট কিনবেন, তাঁরা সুদে সবেচ্চি ২.৬৭ লক্ষ টাকা ভর্তুকি পাবেন।

আর্য জানান, তাঁরা কলকাতায় আরও দুটি একই ধরনের বড় মাপের সস্তার আবাসন প্রকল্প গড়ে তোলার পরিকল্পনা করেছেন। তিনি বলেন, 'আগামী তিন থেকে চার বছর কলকাতাতে রিয়েল এস্টেট ক্ষেত্রে আমরা সস্তার আবাসন প্রকল্পকেই সবথেকে বেশি অগ্রাধিকার দিচ্ছি। কারণ, আমাদের বিশ্বাস, সস্তার আবাসন-ই আপাতত শহরের রিয়েল এস্টেট ক্ষেত্রে মল চালিকাশক্তি।'